গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৪. ৭৭০

তারিখঃ ২১/০৮/২০২৪ খ্রি.

**২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে বিশেষ বিবেচনায় সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশন ও শূণ্য আসনে শিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি**

সূত্রঃ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্মারক নং ৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৭.২৩.৪৯৬ তারিখ: ১৮/০৮/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে বিশেষ বিবেচনায় সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশন ও শূণ্য আসনে শিক্ষার্থী ভর্তি এবং বেসরকারি মেডিকেল কলেজসমূহে ৩য় পর্যায়ে শিক্ষার্থী ভর্তির নিমিত্তে ২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস/বিডিএস ভর্তি কমিটির গত ১৯/০৮/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশন ও শূণ্য আসনে শিক্ষার্থী ভর্তির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সরকারি মেডিকেল কলেজসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে ৪র্থ মাইগ্রেশনে ইচ্ছুক শিক্ষার্থীগণ নিম্নেবর্ণিত সময়সীমার মধ্যে অনলাইনে আবেদন করবেন এবং সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ যথানিয়মে আবেদনসমূহ অগ্রায়ণ করবেন। সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশন শেষে মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজসমূহে আগামী ০৩/০৯/২০২৪ খ্রি. থেকে ০৭/০৯/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। বর্ণিত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া শেষে সরকারি মেডিকেল কলেজসমূহের শূণ্য আসনে অপেক্ষমাণ তালিকায় থাকা ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের প্রাপ্ত অনলাইন আবেদনের ভিত্তিতে মেধা ও পছন্দক্রম অনুযায়ী কলেজ ভিত্তিক শিক্ষার্থী নির্বাচন করা হবে। শূণ্য আসনে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময়সীমা ১৯/০৯/২০২৪ খ্রি. থেকে ২৫/০৯/২০২৪ খ্রি. পর্যন্ত। নির্বাচিত কোনো শিক্ষার্থী অন্য কোনো প্রতিষ্ঠানে ভর্তিরত থাকলে মেডিকেল কলেজে ভর্তির সময় তা নিজ দায়িত্বে বাতিল পূর্বক সংশ্লিষ্ট মেডিকেল কলেজে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে প্রশাসনিক ও আর্থিক দায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বহন করবে না। বিশেষ বিবেচনায় সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশন ও ৪র্থ মাইগ্রেশনের পর শূণ্য আসনে অপেক্ষমাণ তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম নিম্নরূপঃ

**ক) বিশেষ বিবেচনায় সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশনঃ**

| ক্রমিক নম্বর | সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশন কার্যক্রম | সময়সূচী |
|---|---|---|
| ১. | ৪র্থ মাইগ্রেশনের জন্য সরকারি মেডিকেল কলেজসমূহে ভর্তিরত শিক্ষার্থীদের অনলাইন আবেদন গ্রহণের সময়সীমাঃ | ২৫/০৮/২০২৪ খ্রি. সকাল ১০.০০টা থেকে ২৮/০৮/২০২৪ খ্রি. রাত ০৯.০০টা পর্যন্ত। |
| ২. | সংশ্লিষ্ট অধ্যক্ষ কর্তৃক অনলাইন আবেদনসমূহ টেলিটকে অগ্রবর্তীকরণঃ | ২৯/০৮/২০২৪ খ্রি. বেলা ৩.০০টা পর্যন্ত। |
| ৩. | ৪র্থ মাইগ্রেশনের ফল প্রকাশঃ | ০২/০৯/২০২৪ খ্রি. |
| ৪. | মাইগ্রেশন পরবর্তী শিক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজে ভর্তির সময়সীমাঃ | ০৩/০৯/২০২৪ খ্রি. থেকে ০৭/০৯/২০২৪ খ্রি. পর্যন্ত। |

**খ) বিশেষ বিবেচনায় সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশনের পর শূণ্য আসনে অপেক্ষমাণ তালিকা থেকে শিক্ষার্থী ভর্তিঃ**

| ক্রমিক নম্বর | সরকারি মেডিকেল কলেজসমূহে ৪র্থ মাইগ্রেশনের পর শূণ্য আসনে অপেক্ষমাণ তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম | সময়সূচী |
|---|---|---|
| ১. | ভর্তিচ্ছু শিক্ষার্থীদের টেলিটকের অনলাইন পোর্টালে (https://dgme.teletalk.com.bd) আবেদন শুরুর তারিখঃ | ০৮/০৯/২০২৪ খ্রি. |
| ২. | অনলাইন পোর্টালে আবেদনের শেষ তারিখঃ | ১৩/০৯/২০২৪ খ্রি. |
| ৩. | টেলিটক কর্তৃক আবেদন প্রক্রিয়াকরণ ফি জমা দেয়ার শেষ তারিখঃ {আবেদন প্রক্রিয়াকরণ ফি ৫০(পঞ্চাশ)টাকা যা টেলিটকের প্রিপেইড মোবাইল থেকে প্রদান যোগ্য } | ১৪/০৯/২০২৪ খ্রি. |
| ৪. | শূণ্য আসনে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশঃ | ১৮/০৯/২০২৪ খ্রি. |
| ৫. | শূণ্য আসনে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময়সীমাঃ | ১৯/০৯/২০২৪ খ্রি. থেকে ২৫/০৯/২০২৪ খ্রি. পর্যন্ত |

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

২১/৮/২০২৪

(অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর)
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ-৪৮৮১১২০০
e-mail: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় উপদেষ্টা , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব)।
২. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সহকারী পরিচালক, প্রশাসন-১)।
৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. যুগ্ম সচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ৮৬ বিজয় নগর, ঢাকা।
৮. অধ্যক্ষ........................সরকারি মেডিকেল কলেজ(সকল)।
৯. পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা ও উপ পরিচালক (আর্থিক ব্যবস্থাপনা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
১০. বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা)।
১২. উপ সচিব (চিকিৎসা শিক্ষা-১) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপ সচিব (চিকিৎসা শিক্ষা-২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. জেনারেল ম্যানেজার (ডিজিটাল সার্ভিসেস), টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
১৫. অফিস কপি।